

## কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির আগস্ট/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সোহেল আহম্মদ ভূঞা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ

স্থানঃ- উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়

তারিখঃ- ১৮/০৮/২০২১খ্রিঃ।

সময়ঃ- বেলাঃ- ৩.০০ ঘটিকা।

আলোচ্য বিষয়ঃ-

- ১। এডিপি/জাইকার সহায়তায় করোনা পরবর্তী খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পারিবারিক সবজি, ফল বাগান সৃজন ও নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।
- ২। খরিপ/২ মৌসুমে রোপা আমন ধান আবাদ সংক্রান্ত সমস্যা ও সমাধান বিষয়ক আলোচনা।
- ৩। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি
- ৪। বিবিধ

সভায় উপস্থিত সদস্য বৃন্দ

- |   |            |
|---|------------|
| ১। চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া, | সদস্য      |
| ২। চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা            | সদস্য      |
| ৩। চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ        | সদস্য      |
| ৪। উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।          | সদস্য সচিব |

স্বাক্ষর

স্বাক্ষরিত

"

"

"

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে আলোচ্য সূচী উপস্থাপন সহ আলোচনা করার জন্য অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জনাব ফাতেহা নূর, উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, বর্তমানে মাঠে ১১৭৫ হেক্টর জমিতে রোপা আমন ধান রয়েছে। ফসলের অবস্থা ভাল। রোগবালাই এর আক্রমণ নেই। সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক এবং এই মুহূর্তে সারের কোন ঘাটতি নেই।

অতপর সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। তারা মত প্রকাশ করেন যে, এ বছর অর্থাৎ ২০২১ - ২২ অর্থ বছরে কৃষিখাতে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। কৃষক পর্যায়ে উন্নতমানের মানসম্পন্ন ধান বীজ উৎপাদনে আধুনিক কলাকৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানসম্পন্ন ধান বীজ উৎপাদন করা যাবে। এতে কৃষক এবং দেশ দুইই লাভবান হবেন।

সিদ্ধান্তঃ- সভায় সর্বসম্মতি ক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

- ১। করোনা পরবর্তী খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় পারিবারিক সবজি, ফল বাগান সৃজন ও নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ বিষয়ে প্রশিক্ষণের প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। কৃষকদের প্রশিক্ষণ প্রদান, ফসলের রোগবালাই দমন করা এবং সারের ঘাটতি যাতে না হয় সে জন্য মনিটরিং কর্মকান্ড অব্যাহত রাখতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সোহেল আহম্মদ ভূঞা)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ


রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং (৬৪৩)

তারিখঃ ১৮/০৮/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ।
- ২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৩। অফিস কপি।



১৮/০৮/২০

উপজেলা কৃষি অফিসার




ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি  
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

“পরিশিষ্ট ক”

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ

ক্রমিক নং	উপস্থিত সদস্য	পদবী	স্বাক্ষর
০১	চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া	সদস্য	
০২	চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা	সদস্য	
০৩	চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য	
০৪	উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ	সদস্য সচিব	